



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২১. ৫৭০৫

তারিখঃ ১৩ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
২৭ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

### "নিয়োগ বিজ্ঞপ্তি"


মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে "কাজ নাই মজুরী নাই" এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে জনবল নিয়োগের প্যানেল তৈরির নিমিত্ত যোগ্যতা সম্পন্ন মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার প্রকৃত স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	বেতন	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	প্রার্থীর বয়স সীমা	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
০১	বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (শুধুমাত্র মহিলাদের জন্য সংরক্ষিত)।  পদের সংখ্যা- ০৮টি	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা।	(ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ১০ টি ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	১৫/০৪/২০২১ খ্রিঃ তারিখে সবনিম্ন ১৮ বছর ও অনূর্ধ্ব ৩০ বছর।	মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী মুসীগঞ্জ জেলার মুসীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়ণগঞ্জ জেলার আলীরটেক ও বঙ্গাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাঁটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুড়েরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণের মধ্যে শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন

#### শর্তাবলীঃ


- ০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট [www.pbs.munshiganj.gov.bd](http://www.pbs.munshiganj.gov.bd) হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফর্ম A-4 সাইজের কাগজে হতে হবে।
- ০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফর্মটি প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।
- ০৩। নির্ধারিত আবেদন ফর্মটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে গড়মিল পাওয়া গেলে যে কোন পর্যায়ে অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে প্রার্থীতা বাতিল করা হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রসংশাপত্র গ্রহণযোগ্য নয়), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি (ছবি ও সকল অনুলিপি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং সিনিয়র জেনারেল ম্যানেজার, মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুসীগঞ্জ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৫। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সংরক্ষণ করেন।
- ০৭। নিয়োগ পরীক্ষা যে তারিখ অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ইমেইল/ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।
- ০৮। বর্ণিত পদে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।
- ০৯। প্রার্থীকে মুসীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর যে কোন অফিসে চাকুরি করতে বাধ্য থাকতে হবে।

- ১০। মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের অথবা অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং তাদের স্বামী বা স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। তথ্য গোপন করে রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করে নিয়োগপ্রাপ্ত হন এবং পরে যদি তা উৎঘাটিত হয়, তাহলে কোন রকম নোটিশ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরিচ্যুত করা হবে। একইসাথে বর্ণিত অনিয়মের সাথে সম্পৃক্ত সমিতির সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হবে।
- ১১। আবেদনকারী সিনিয়র জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক ক্রমিক নং ০১ এ বর্ণিত আবেদন ফর্ম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করার পর চাহিত কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ১৫/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করবেন। এছাড়া সরাসরি আবেদনপত্র মুন্সীগঞ্জ পবিস এর সদর দপ্তরে জমা প্রদান করতে পারবেন।
- ১২। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

  
 (এ এইচ এম মোবারক উল্লাহ)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৪। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ০৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- ০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/টংগিবাড়ী/ সিরাজদিখান/ শ্রীনগর/ লৌহজং/ ফতুল্লা/ নড়িয়া/ জাজিরা/ উত্তর মতলব।
- ০৯। ডিজিএম (সদর দপ্তর- কারিগরী)/টংগিবাড়ী/মুন্সীগঞ্জ/লৌহজং/সিরাজদিখান/শ্রীনগর, মুপবিস।
- ১০। এজিএম প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/অর্থ-হিসাব/পিএন্ডএম/নওপাড়া/ নিমতলা সাব জোনাল অফিস, মুপবিস।
- ১১। নোটিশ বোর্ড, মুন্সীগঞ্জ পবিস।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

  
 (এ এইচ এম মোবারক উল্লাহ)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার